২০১৫

বাংলা

(সাম্মানিক)

অষ্টমপত্র

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

বর্গ—১

( *লোকসাহিত্য ও লোকসংস্কৃতি* )

পূর্ণমান ঃ ৬০

*সময়* ঃ ৩ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২ × ২

(ক) লোকসংস্কৃতি বলতে কী বোঝো ? এর বৈশিষ্ট্যগুলি লেখো । ৫ + ৭

(খ) 'মহুয়া' গীতিকা অবলম্বনে মহুয়া চরিত্রটি বিশ্লেষণ করো। ১২

(গ) রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে ছড়ার মধ্যে যে 'চিরত্ব' আছে, তার পরিচয় দাও। ১২

(ঘ) অবনীন্দ্রনাথের 'বাংলার ব্রত' অবলম্বনে ব্রতের নাট্যলক্ষণ বিচার করো। ১২

(ঙ) প্রবাদ ও ধাঁধার সদৃশ্য ও বৈসাদৃশ্যগুলির তুলনামূলক আলোচনা করো। ১২

২। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৬ × ৪

(ক) লোকসাহিত্যের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত দিয়ে লেখো। ৬

(খ) লোকবিশ্বাস ও সংস্কার কাকে বলে ? একটি সামাজিক লোকবিশ্বাসের দৃষ্টান্ত দাও। ৪ + ২

(গ) গীতিকা ও ব্যালাডের তুলনামূলক আলোচনা করো। ৬

(ঘ) 'চন্দ্রাবতী' গীতিকায় কয়টি পত্রের উল্লেখ আছে ? পত্রগুলির উপযোগিতা বিষয়ে আলোচনা করো। ১ + ৫

(ঙ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'হরগৌরী বিষয়ক গান'কে কেন বাংলার ঘরের কথা বলেছেন তা বিশ্লেষণ করো। ৬

(চ) 'বাংলার ব্রত' অবলম্বনে ব্রতের শ্রেণীবিভাগ করো এবং প্রতিটি শ্রেণী বিষয়ে আলোচনা করো । ২ + ৪

(ছ) বাংলার আঞ্চলিক লোকগীতি নিয়ে একটি নিবন্ধ লেখো । ৬

৩। যে কোনো *তিনটি* বিষয়ে টীকা লেখো ঃ ৪ × ৩

লোকভাষা, জয়ানন্দ চরিত্র, ছড়ায় সামাজিক চিত্র, সেঁজুতি ব্রত, রূপকথা, ট্যাবুমূলক প্রবাদ ।

বর্গ—২

(*বঙ্কিম সাহিত্য*)

পূর্ণমান ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ২

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে প্রকৃতির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো । ১৫

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের পরিণতির শিল্পসার্থকতা বিচার করো। ১৫

(গ) 'রজনী' উপন্যাসের লবঙ্গলতিকা ও অমরনাথের প্রেম সম্পর্কটি বিশ্লেষণ করো। ১৫

(ঘ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো। ১৫

(ঙ) ''কমলাকান্তের দপ্তর' কোন শ্রেণীর রচনা ? আলোচনা করো। ১৫

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৮ × ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়ক চরিত্রটি বিশ্লেষণ করো। ৮

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের দেবেন্দ্র চরিত্রটির পরিচয় দাও। ৮

(গ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের ব্রজেশ্বর চরিত্রটি বিশ্লেষণ করো। ৮

(ঘ) 'রজনী' উপন্যাসের গঠনশৈলী বিশ্লেষণ করো। ৮

(ঙ) 'মনুষ্যফল' প্রবন্ধটির অনুসরণে বাঙালি সমাজ সম্পর্কে বঙ্কিমচন্দ্রের দৃষ্টিভঙ্গী পর্যালোচনা করো। ৮

(চ) 'সাম্য' প্রবন্ধের মূল বিষয়বস্তু বর্ণনা করো । ৮

(ছ) 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজ ভাবনার পরিচয় দাও । ৮

(জ) 'বিড়াল' প্রবন্ধটি অবলম্বনে বঙ্কিমচন্দ্রের কৌতুক রস সৃষ্টির নৈপুণ্য বিচার করো । ৮

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৫

(ক) অধিকারী কর্তৃক দেবীপাদপক্ষে সংস্থাপিত বিল্বপত্র পতনের ঘটনা 'কপালকুণ্ডলা' উপন্যাসের ঘটনাক্রমকে কিভাবে প্রভাবিত করেছে ? ৪

(খ) 'রজনী' উপন্যাসে যে–দুটি পাশ্চাত্য গ্রন্থের প্রভাব আছে সেগুলির নাম ও রচয়িতাদের নাম লেখো । ২ + ২

(গ) 'অধিকাংশ টাকাটা ভূস্বামীরই হস্তে যায়।' — ব্যাখ্যা করো । ৪

(ঘ) 'বঙ্গদর্শনের পত্র সূচনা' প্রবন্ধে ইংরেজদের কোন উপকারের কথা বঙ্কিমচন্দ্র বলেছেন ? ৪

(ঙ) 'আমরা কি হিন্দুর মেয়ে যে, পুড়িয়া মরিতে পাব না ?' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো । ৪

(চ) 'কথাটি প্রাচীন' — কোন কথা ? সেই কথাটির গুরুত্ব কতটা ? ১ + ৩

(ছ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসে ব্রজেশ্বর কেন প্রফুল্লকে ত্যাগ করেছিল ? ৪

(জ) 'বিষবৃক্ষ' উপন্যাসের হরলাল চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো । ৪

## বর্গ — ৩

*( রবীন্দ্র সাহিত্য )*

**পূর্ণমান : ৯০**

***সময় :*** **৪ ঘন্টা**

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) 'সোনার তরী' কাব্য অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও । ১৫

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথের প্রেম ভাবনার যে পরিচয় বিধৃত তার স্বরূপ বিশ্লেষণ করো । ১৫

(গ) রাশিয়ার শিক্ষাবিধির সঙ্গে ভারতবর্ষের শিক্ষাবিধির তুলনা রবীন্দ্রনাথ যেভাবে করেছেন, তা বর্ণনা করো । ১৫

(ঘ) 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থের ভাষায় যে কবিত্বময় দীপ্তি আছে, উদাহরণ সহযোগে তা আলোচনা করো । ১৫

(ঙ) সংকেতিক নাটক রূপে 'রাজা'র সার্থকতা বিচার করো । ১৫

(চ) ছোটগল্প হিসেবে 'অনধিকার প্রবেশ' এর সার্থকতা বিচার করো । ১৫

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৮ × ৫

(ক) 'সোনারতরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতার চিত্রকল্পগুলি বিশ্লেষণ করো । ৮

(খ) 'শেষের কবিতা'কে উপন্যাস বলা যায় কি ? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও । ৮

(গ) 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থের 'কেকাধ্বনি' প্রবন্ধের অন্তর্নিহিত বক্তব্য পরিস্ফুট করো । ৮

(ঘ) 'রাশিয়ার চিঠি' অবলম্বনে রবীন্দ্রনাথের পল্লীচিন্তার পরিচয় দাও । ৮

(ঙ) 'রাজা' নাটকে ব্যবহৃত গানগুলির নাট্যতাৎপর্য নির্দেশ করো। ৮

(চ) ছোটগল্প হিসেবে 'দেনা পাওনা'র সার্থকতা বিচার করো। ৮

(ছ) 'পোষ্টমাস্টার' গল্পে রতন ও পোষ্টমাস্টাররের সম্পর্কের রহস্যময়তা বিশ্লেষণ করো। ৮

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৫

(ক) 'সোনারতরী' কাব্যে অতীত ও ভবিষ্যতের সঙ্গে কবি নিজের জীবনকে অবিচ্ছিন্ন মনে করেছেন যে সব কবিতায় সেগুলির নাম লেখো। ৪

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে ব্যবহৃত কবিতাগুলির গুরুত্ব ও তাৎপর্য সংক্ষেপে বুঝিয়ে দাও। ২ + ২

(গ) 'বিচিত্র প্রবন্ধ'–এর প্রবন্ধগুলিকে কোন্ শ্রেণীর প্রবন্ধ বলা যায় এবং কেন ? ২ + ২

(ঘ) ''মস্কৌতে একটি কৃষিভবন দেখতে গিয়েছিলুম।'' — 'রাশিয়ার চিঠি' গ্রন্থের ৫ম পত্র অবলম্বনে কবির কৃষিভবন দেখার অভিজ্ঞতাটি বর্ণনা করো। ৪

(ঙ) 'রাজা' নাটকে অন্ধকার ঘর ও বসন্ত পূর্ণিমার রাত কী কী বিষয়ের প্রতীক এবং নাটকে তার গুরুত্ব কি ? ২ + ২

(*চ*) 'জীবিত ও মৃত' আসলে কাদম্বিনীর ট্রাজেডি। — মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

(*ছ*) 'রাজা' নাটকের মূল তত্ত্ব কি ? সংক্ষেপে বুঝিয়ে দাও। ৪

বর্গ — ৪

( *শরৎ সাহিত্য* )

পূর্ণমান ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ২

(*ক*) 'পল্লীসমাজ' উপন্যাসে গ্রাম্য সমাজ জীবনের নিখুঁত প্রতিকৃতি অঙ্কনে লেখকের কৃতিত্ব বিশ্লেষণ করো। ১৫

(*খ*) 'দেনা পাওনা' উপন্যাসে জীবানন্দের চরিত্রের আমূল পরিবর্তনে ষোড়শীর ভূমিকাটি পরিস্ফুট করো। ১৫

(*গ*) 'দত্তা' উপন্যাসে রাসবিহারী চরিত্র সৃষ্টিতে লেখকের কৃতিত্ব বিচার করো। ১৫

(*ঘ*) 'শ্রীকান্ত (৪র্থ পর্ব)' অবলম্বনে শ্রীকান্ত ও কমললতার প্রেমের স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

(ঙ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'সাহিত্যে আর্ট ও দুর্নীতি' প্রসঙ্গে শরৎচন্দ্রের বক্তব্য বুঝিয়ে দাও । ১৫

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) 'পল্লী সমাজ' উপন্যাসের নায়ক বিচার করো । ৮

(খ) ষোড়শীর জীবনের ভবিষ্যৎ পরিণতির ক্ষেত্রে নির্মল ও হৈমের দাম্পত্য জীবনের কোন প্রভাব আছে কি ? — এ বিষয়ে তোমার অভিমত ব্যাখ্যা করো । ৮

(গ) রাসবিহারীর কূট কৌশল সত্ত্বেও বিজয়া ও নরেনের প্রেম কীভাবে জয়ী হল তা বিস্তৃত আলোচনা করো । ৮

(ঘ) 'শ্রীকান্ত (৪র্থ পর্ব)'-র প্রেক্ষাপটে শ্রীকান্ত-রাজলক্ষ্মী পারস্পরিক সম্পর্কটির স্বরূপ বিশ্লেষণ করো । ৮

(ঙ) 'পল্লীসমাজ' উপন্যাসের পরিণতির যথার্থতা সম্পর্কে আলোচনা করো । ৮

(চ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'আধুনিক সাহিত্যের কৈফিয়ত' অংশে প্রাবন্ধিক কীসের কী কৈফিয়ৎ দিয়েছেন আলোচনা করো । ৮

(ছ) 'নারীর মূল্য' প্রবন্ধে সতীত্ব ও নারীত্ব বিষয়ে শরৎচন্দ্রের যে অভিমত প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করো । ৮

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ 8 × ৫

(*ক*) 'পল্লীসমাজ' উপন্যাসে বিশ্বেশ্বরীর ভূমিকা ও গুরুত্ব সংক্ষেপে লেখো । 8

(*খ*) 'দেনাপাওনা' উপন্যাসের ষোড়শীর ভৈরবী–সত্তার সংক্ষিপ্ত পরিচয় দাও । 8

(*গ*) 'দত্তা' উপন্যাসের বিলাস চরিত্রের স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো । 8

(*ঘ*) 'শ্রীকান্ত (8র্থ পর্ব)'–এ বর্ণিত কমললতার পূর্বাশ্রম–জীবনের পরিচয় দাও । 8

(*ঙ*) 'শ্রীকান্ত (8র্থ পর্ব)' অবলম্বনে দ্বারিকদাস বৈরাগীর পরিচয় দাও । 8

(*চ*) 'নারীর মূল্য' প্রবন্ধে শরৎচন্দ্র নিজের বক্তব্যের সমর্থনে বাইবেলের মতকে কীভাবে কতটা গ্রহণ করেছেন আলোচনা করো । 8

(*ছ*) শরৎচন্দ্রের 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'আমার কথা'–য় কী বলতে চেয়েছেন সংক্ষেপে লেখো । 8

---